ব্যবস্থাপত্র অনুযায়ী ব্যবহার্য

আরভিনসল (ভেট) ওরাল সলিউশন
Ervinsol (Vet) Oral Solution

(পাইরিমিথামিন বিপি + সালফাকুইনোক্সালিন সোডিয়াম বিপি)

কার্যকরী উপাদানঃ
প্রতি মি.লি-তে রয়েছে-

পাইরিমিথামিন	বিপি	১৫ মি.গ্রা.
সালফাকুইনোক্সালিন সোডিয়াম	বিপি	৫০ মি.গ্রা.

বিবরণঃ পাইরিমিথামিন একটি এন্টিপ্যারাসাইট ঔষধ যা শরীরের পরজীবীদের বৃদ্ধি এবং পুন:উৎপাদন প্রতিরোধ করতে সহায়তা করে। এটি ফলিক এসিডের এন্টাগোনিস্ট হিসাবে কাজ করে। সালফাকুইনোক্সালিন পোল্ট্রির কক্সিডিওসিসের চিকিৎসায় ব্যবহৃত হয়।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ আরভিনসল (ভেট)-এ বিদ্যমান কার্যকরী উপাদান প্রোটোজোয়ার ফলিক এসিড সংশ্লেষণে বাধা প্রদান করার মাধ্যমে উষঅ সংশ্লেষণ বাধাগ্রস্থ করে ফলে প্রোটোজোয়ার মাল্টিপ্লিকেশন বন্ধ হয়ে যায়।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ হাঁস-মুরগির সকল ধরণের রেসিস্ট্যান্স জনিত কক্সিডিওসিস, ফাউল কলেরা ও ফাউল টাইফয়েড রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়।

মাত্রা ও প্রয়োগবিধিঃ
হাঁস-মুরগিঃ
১ মি.লি. আরভিনসল (ভেট) ১ লিটার বিশুদ্ধ খাবার পানির সাথে মিশিয়ে এই হিসাবে ৩-৫ দিন খাওয়াতে হবে।
অথবা রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।
"শুধুমাত্র রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী বিক্রয়/সেবনযোগ্য"।
"ব্যবস্থাপত্রে উল্লেখিত পরিমাণের অধিক ব্যবহার করা যাবে না"
"চিকিৎসকের পরামর্শ মোতাবেক Full Course সম্পন্ন করুন"।

প্রতিনির্দেশনাঃ পাইরিমিথামিন ফোলেট অভাবজনিত রক্ত স্বল্পতায় আক্রান্ত প্রাণিদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত। এছাড়াও সালফাকুইনোক্সালিন সোডিয়াম-এর প্রতি অতিসংবেদনশীল প্রাণিদের ক্ষেত্রে আরভিনসল (ভেট) প্রতিনির্দেশিত।

সতর্কতাঃ রক্ত স্বল্পতা দেখা দেয়ার কারণে দেহে ফোলেটের ঘাটতি রয়েছে এমন প্রাণিতে প্রয়োগ করা যাবে না। ঔষধটি নির্দেশিত মাত্রায় খাবার পানিতে সুষমভাবে মিশ্রণ করতে হবে।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ আরভিনসল (ভেট) দ্বারা চিকিৎসাকৃত প্রাণির ক্ষেত্রে তন্দ্রাচ্ছন্নতা, খাদ্যে অরুচি এবং বমি-বমি ভাব দেখা দিতে পারে।

গর্ভবতী, দুগ্ধবতী বা ডিমপাড়া প্রাণিতে ব্যবহারঃ
গর্ভবতী, দুগ্ধবতী বা ডিমপাড়া প্রাণিতে রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের দ্বারা ঝুঁকি/সুবিধা মূল্যায়ন পূর্বক ব্যবহার করা উচিত।

ঔষধের মিথষ্ক্রিয়াঃ ঔষধের সাথে- অন্যান্য এন্টিফোলেট এজেন্ট যেমন মেথোট্রেক্সেট ও ট্রাইমেথোপ্রিম পাইরিমিথামিনের এন্টিফোলেট ক্রিয়াকে শক্তিশালী করতে পারে যার ফলে সম্ভাব্য ফোলেটের ঘাটতি, এনিমিয়াসহ অন্যান্য রক্তের ডিসক্রেসিয়া হতে পারে।
খাদ্য ও অন্যান্যর সাথে-অজানা।

মাত্রাধিক্যতাঃ ঔষধটি নির্দেশিত মাত্রায় খাবার পানিতে সমানভাবে মিশ্রিত না হলে বিষাক্ত প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে। উচ্চ মাত্রায় সালফাকুইনোক্সালিন দীর্ঘদিন প্রয়োগের ফলে খাদ্য গ্রহনে অনিহা, কিডনীতে সালফাকুইনোক্সালিনের স্ফটিক জমা এবং স্বাভাবিক রক্ত জমাট বাঁধতে অসুবিধা হতে পারে।

প্রত্যাহার কাল ঃ মাংস-০৭ দিন এবং ডিম-০৭ দিন।

সংরক্ষণ ঃ আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহ ঃ ১০০ মি.লি., ৫০০ মি.লি এবং ১০০০ মি.লি. প্লাস্টিক বোতলে সরবরাহ করা হয়।

*শুধুমাত্র **প্রাণি** চিকিৎসায় ব্যবহার্য।*



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Super Power Web: www.superpowerpharma.com